# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. দ্বিতীয় অনুচ্ছেদ - দু’ ঈদের সালাত

### আরবী

وَعَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ مُرْسَلًا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ كَبَّرُوا فِي الْعِيدَيْنِ وَالِاسْتِسْقَاءِ سَبْعًا وَخَمْسًا وَصَلَّوْا قبل الْخطْبَة وجهروا بِالْقِرَاءَةِ. رَوَاهُ الشَّافِعِي

### বাংলা

১৪৪২-[১৭] জা’ফার সাদিক্ব ইবনু মুহাম্মাদ (রহঃ) মুরসাল হিসেবে এ হাদীসটি বর্ণনা করেছেন। তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবূ বকর, ’উমার (রাঃ) দু’ ঈদে ও ইসতিসকার সালাতে সাতবার ও পাঁচবার করে তাকবীর বলেছেন। তাঁরা সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন খুতবার পূর্বে। সালাতে ক্বিরাআত (কিরআত) পড়েছেন উচ্চস্বরে। (শাফি’ঈ)[1]

### ফুটনোট

[1] খুবই দুর্বল : মুসনাদ আশ্ শাফি’ঈ ৪৫৭। কারণ এর সানাদে রাবী ইব্রাহীম বিন মুহাম্মাদ যার প্রকৃত নাম ইবনু আবী ইয়াহ্ইয়া আল আসলামী তিনি একজন মিথ্যার অফিযোগে অভিযুক্ত রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَجَهَرُوْا بِالْقِرَاءَةِ) তারা সশব্দে ক্বিরাআত (কিরআত) পাঠ করেছেন। এ ব্যাপারে সবাই ঐকমত্য হয়েছেন এবং আহলে ‘ইলমদের মাঝে কোন মতানৈক্য নেই যে, ঈদের সালাতের ক্বিরাআত (কিরআত) সশব্দে তথা বড় আওয়াজ করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন